

এ কি সত্য সকলই সত্য, হে আমার চিরভক্ত ॥  
 মোর নয়নের বিজুলি-উজল আলো  
 যেন ঈশান কোণের ঝটিকার মতো কালো এ কি সত্য ।  
 মোর মধুর অধর বধুর নবীন অনুরাগ-সম রক্ত  
 হে আমার চিরভক্ত, এ কি সত্য ॥  
 অতুল মাধুরী ফুটেছে আমার মাঝে,  
 মোর চরণে চরণে সুধাসঙ্গীত বাজে এ কি সত্য ।  
 মোরে না হেরিয়া নিশির শিশির ঝরে,  
 প্রভাত-আলোকে পুলক আমারি তরে এ কি সত্য ।  
 মোর তপ্তকপোল-পরশে-অধীর সমীর মদিরমত্ত  
 হে আমার চিরভক্ত, এ কি সত্য ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Dadra, Raag: Mishra Jhinjhat  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail